গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সোনাগাজী সরকারি কলেজ, ফেনী।
Website: sonagazicollege.gov.bd
Email: sonagazigovtcollege7@gmail.com
www.facebook.com/groups/sgccollegefeni/

তারিখ: ০৯/০৫/২৪ খ্রি.

# বিজ্ঞপ্তি

সোনাগাজী সরকারি কলেজের সকল স্তরের শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, উপজেলা পর্যায়ে বন্যপ্রাণি সংরক্ষণ ও ব্যবস্পাপনা বিষয়ে শিক্ষার্থীদের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে, “ওয়াইল্ড লাইফ অলিম্পিয়াড-২০২৪ প্রতিযোগিতা হবে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের ইচ্ছুক শিক্ষার্থীদের নিম্নলিখিত গাইড লাইন অনুযায়ী আগামী ১০/০৫/২৪ খ্রি. এর মধ্যে আবেদন করার জন্য নির্দেশ দেয়া হলো।

০৯/০৫/২০২৪

অধ্যক্ষ
সোনাগাজী সরকারি কলেজ
সোনাগাজী, ফেনী।

# 2.10 Winner Selection Procedure (Cont.)




## ওয়াইল্ডলাইফ অলিম্পিয়াড ২০২৪

**C. উত্তরপত্র মূল্যায়ণ ও বিজয়ী নির্ধারণ**

1. ওয়াইল্ডলাইফ অলিম্পিয়াডের একাডেমিক টিম উত্তরপত্র মূলায়ন ও বিজয়ী নির্ধারনের কাজ করবে।
2. প্রতিটি জেলা অলিম্পিয়াডে নির্ধারিত বিজয়ী ৬ জন।
3. প্রতি ক্যাটাগরির ৩ জন জেলা চ্যাম্পিয়ন জাতীয় পর্যায়ে অংশগ্রহণের সুযোগ পাবে।
4. জাতীয় পর্যায়ে নির্ধারিত বিজয়ী ৬ জন।
5. কয়েকটি ধাপে অলিম্পিয়াডের বিজয়ী নির্ধারণ সম্পন্ন হবে:
   a. সকল অংশগ্রহণকারীদের উত্তরপত্র মূল্যায়ন করা।
   b. সর্বোচ্চ নরম্বর প্রাপ্ত ২০ জনের তালিকা তৈরি।
   c. একাধিক শিক্ষার্থী সমান নম্বর পেলে শুধুমাত্র ভুল উত্তরের জন্য নম্বর কেটে উত্তরপত্র পুনর্মূল্যায়ন করা।
   d. এরপরেও একাধিক অংশগ্রহণকারীর প্রাপ্ত নম্বর সমান হলে দৈবচয়ন ভিত্তিতে বিজয়ী নির্ধারণ করা হবে।
   e. প্রতি ক্যাটাগরিতে ৩ জন জেলা চ্যাম্পিয়ন নির্ধারণ করা।
6. ৬ জন জেলা চ্যাম্পিয়নের তালিকা ও পুরস্কার ডিএফও বা তাঁর প্রতিনিধির নিকট হস্তান্তর করা।

# 2.10 Winner Selection Procedure (Cont.)




**B. প্রশ্নপত্র তৈরি, প্রশ্নের ধরণ, মান ও সংখ্যা**

1. জেলা পর্যায়ের সকল অলিম্পিয়াড ও জাতীয় পর্যায়ের অলিম্পিয়াডের প্রতি ক্যাটাগরির জন্য আলাদা সেট প্রশ্নপত্র প্রণয়ন করা হবে।
2. ওয়াইল্ডলাইফ অলিম্পিয়াডের সাবজেক্ট ম্যাটার এক্সপার্টদের তত্ত্বাবধানে একাডেমিক টিম প্রশ্ন তৈরি ও মডারেশন কাজ করবে।
3. জেলা পর্যায়ে আয়োজিত অলিম্পিয়াডে প্রশ্নপত্রের সর্বমোট সংখ্যা হবে: ৬৪*২
4. একই দিনে একই সময়ে একাধিক জেলা অলিম্পিয়াড আয়োজিত হলে একই সেটে পরীক্ষা নেয়া যেতে পারে।
5. জেলা অলিম্পিয়াডে প্রতি সেটে ৩০টি প্রশ্ন থাকবে।
6. জেলা অলিম্পিয়াডে অংশ নেয়া শিক্ষার্থীরা উত্তর প্রদানের জন্য ৪০ মিনিট সময় পাবে।
7. স্কুল ও কলেজ ক্যাটাগরি প্রশ্নের প্রতি সেটে ২ ধরণের প্রশ্ন থাকবে
    a. বহুনির্বাচনী
    b. লিখিত সংক্ষিপ্ত প্রশ্নোত্তর (এক কথায় উত্তর)
8. বহুর্নিবাচনী প্রশ্ন থাকবে ২৫ টি এবং সংক্ষিপ্ত প্রশ্নোত্তর (এক কথায় উত্তর) থাকবে ৫টি
9. প্রতিটি বহুনির্বাচনী প্রশ্নের মান ১ এবং প্রতিটি লিখিত প্রশ্নের মান হবে ২
10. প্রশ্নের সর্বমোট নম্বর হবে ২৫+১০=৩৫

# 1.3 At A Glance




১. স্লোগান: স্মার্ট তারুণ্য বাঁচাবে অরণ্য।

২. আয়োজক: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অধীনে বন অধিদপ্তরের টেকসই বন ও জীবিকা (সুফল) প্রকল্পের আওতায় এই অলিম্পিয়াড আয়োজিত হচ্ছে।

৩. ক্যাটাগরি: স্কুল ক্যাটাগরি: অষ্টম, নবম, দশম শ্রেণি ও এসএসসি ২০২৪ পরীক্ষার্থী।
কলেজ ক্যাটাগরি: একাদশ ও দ্বাদশ শ্রেণি।

৪. নিবন্ধন: www.bfdwlo.org ঠিকানায় প্রবেশ করে শিক্ষার্থীরা অলিম্পিয়াডের জন্য নিবন্ধন করতে পারবে।

৫. প্রস্তুতি: অলিম্পিয়াডের প্রস্তুতি সহায়তার জন্য পাঠ্যসূচি, নমুনা প্রশ্নপত্র ও সহায়ক বইয়ের তালিকা সম্বলিত একটি বুকলেট তৈরি করা হয়েছে।
পাঠ্যসূচি: www.bfdwlo.org/syllabus
নমুনা প্রশ্ন: www.bfdwlo/sample_question
সহায়ক বইয়ের তালিকা: www.bfdwlo.org/book-list
অলিম্পিয়াড সংক্রান্ত FAQ: www.bfdwlo.org/faq

৬. বিজয়ী নির্বাচনের ধাপসমূহ: দুটি পর্যায়ে ওয়াইল্ডলাইফ অলিম্পিয়াড আয়োজিত হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে নিবন্ধনকৃত শিক্ষার্থীরা জেলা পর্যায়ের অলিম্পিয়াডে অংশ নিতে পারবে। প্রতিটি জেলা অলিম্পিয়াডে ন্যূনতম ১৫৬২ জন শিক্ষার্থী অংশগ্রহণ করবে।
জেলা পর্যায়ের অলিম্পিয়াডে প্রতি ক্যাটাগরি থেকে ৩ জন শিক্ষার্থী বিজয়ী নির্বাচন করা হবে। বিজয়ীদের নিয়ে ঢাকায় আয়োজিত হবে জাতীয় অলিম্পিয়াড। ২টি ক্যাটাগরিতে মোট ৬ জন শিক্ষার্থীকে জাতীয় অলিম্পিয়াডের বিজয়ী নির্বাচিত করা হবে।

৭. ভেন্যু: দেশের প্রতিটি জেলার একটি নির্দিষ্ট ভেন্যুতে জেলা অলিম্পিয়াড অনুষ্ঠিত হবে। নির্দিষ্ট ভেন্যু ও জেলা অলিম্পিয়াডের সময়সূচি ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
লিংক: www.bfdwlo.org/schedule

# 1.3 At A Glance (Cont.)




| | | |
|---|---|---|
| ৮. | সময়সূচি (সম্ভাব্য): | অংশগ্রহণের জন্য নিবন্ধন করা যাবে ০৭ মার্চ ২০২৪ থেকে ১০ মে ২০২৪ পর্যন্ত।<br>জেলা পর্যায়ের অলিম্পিয়াড আয়োজিত হবে ১৫ মে ২০২৪ থেকে ২০ জুলাই ২০২৪ পর্যন্ত।<br>জাতীয় অলিম্পিয়াড আয়োজনের সম্ভাব্য তারিখ ২৭ জুলাই ২০২৪। |
| ৯. | পরীক্ষা পদ্ধতি: | জেলা পর্যায়ের অলিম্পিয়াডে ৩০টি প্রশ্ন থাকবে।<br>প্রশ্নের ধরণ: বহুনির্বাচনি ও সংক্ষিপ্ত প্রশ্ন।<br>সময়: ৪০ মিনিট।<br><br>জাতীয় অলিম্পিয়াডে ৪০টি প্রশ্ন থাকবে।<br>প্রশ্নের ধরণ: বহুনির্বাচনি, সংক্ষিপ্ত প্রশ্ন ও লিখিত প্রশ্ন।<br>সময়: ১ ঘন্টা। |
| ১০. | পুরস্কার: | জেলা পর্যায়ের সকল অংশগ্রহণকারী ই-সার্টিফিকেট পাবে।<br>জেলা পর্যায়ের বিজয়ীরা টি-শার্ট, বিজয়ী সার্টিফিকেট ও মেডেল পাবে।<br><br>জাতীয় পর্বের বিজয়ীরা টি-শার্ট, বিজয়ী সার্টিফিকেট ও মেডেল পাবে।<br>জাতীয় পর্বে প্রতি ক্যাটাগরির ১ম, ২য় ও ৩য় বিজয়ী পাবে যথাক্রমে ৫০,০০০ টাকা, ৩০,০০০ টাকা ও ২০,০০০ টাকা। |
| ১১. | নিয়মাবলী: | বিস্তারিত নিয়মাবলী জানতে: www.bfdwlo.org/rules |
| ১২. | ফলাফল প্রকাশ: | জেলা অলিম্পিয়াডের ফলাফল ওয়েবসাইট ও ফেসবুক পেইজে প্রকাশিত হবে। |

# 2.10 Winner Selection Procedure




## ওয়াইল্ডলাইফ অলিম্পিয়াড ২০২৪

### [illegible]পত্র প্রণয়ন ও বিজয়ী নির্ধারণের নীতিমালা

**A. অলিম্পিয়াড আয়োজন**

1. বাংলাদেশের ৮ম থেকে ১২শ শ্রেণীর সকল মাধ্যমিক, উচ্চ-মাধ্যমিক, কারিগরি, মাদ্রাসা বা সমমান পর্যায়ের যেকোন শিক্ষার্থী এই অলিম্পিয়াডে অংশ নিতে পারবে।
2. ওয়াইল্ডলাইফ অলিম্পিয়াড ২০২৪ দুইটি ক্যাটাগরিতে আয়োজিতে হবে।
    a. স্কুল ক্যাটাগরি : অষ্টম, নবম, দশম শ্রেণি ও এসএসসি ২০২৪ পরিক্ষার্থী
    b. কলেজ ক্যাটাগরি : একাদশ ও দ্বাদশ শ্রেণি
3. দেশের ৬৪ জেলার প্রতিটিতে জেলা অলিম্পিয়াড অনুষ্ঠিত হবে। জেলা পর্যায়ের বিজয়ীদেরকে নিয়ে ঢাকায় জাতীয় অলিম্পিয়াড আয়োজিত হবে।




# Wildlife Olympiad 2024